**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, মুখ্যমন্ত্রী চা শ্রমিক উন্নয়ন প্রকল্পে ইতিমধ্যে ৪ হাজার চা শ্রমিক পরিবারকে ২ গন্ডা করে জমি দেওয়া হয়েছে।**

**(২) আজ সকালে ধলাই জেলার কমলপুরে একটি ইটভাটায় দুর্ঘটনায় পাঁচজন শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ইথিওপিয়ায় দুই দিনের সফর শেষ করে ওমানে পৌঁছেছেন ।**

**(৪) অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের সীমিত ওভারের জাতীয় ক্রিকেটের তৃতীয় ম্যাচে জয় পেলো ত্রিপুরা।**

*******************************************

**Run for Tea :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, মুখ্যমন্ত্রী চা শ্রমিক উন্নয়ন প্রকল্পে ইতিমধ্যে ৪ হাজার চা শ্রমিক পরিবারকে ২ গন্ডা করে জমি দেওয়া হয়েছে। বাদ বাকি চা শ্রমিকদেরও জমি দেবার জন্য জেলাশাসকস্তরে প্রক্রিয়া চলছে। আজ আগরতলার বীরচন্দ্র সেন্ট্রাল লাইব্রেরির টি কর্ণারে আয়োজিত 'রান ফর টি–২০২৫' দৌড় প্রতিযোগিতার উদ্বোধন করে তিনি একথা বলেন। ত্রিপুরা চা শিল্প উন্নয়ন নিগম লিমিটেডের উদ্যোগে এবং টি বোর্ড অব ইন্ডিয়ার সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য মন্ত্রী আরো বলেন, ত্রিপুরার উৎপাদিত চা–কে সবার কাছে পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। ২০১৮ সাল থেকে চা শিল্পের উৎপাদন যাতে

বাড়ানো যায় সে লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে। তিনি বলেন, চা শ্রমিকের মজুরী আগের ১০৫ টাকা থেকে বাড়িয়ে ২০৪ টাকা করা হয়েছে।

যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায় বলেন, রাজ্যের উৎপাদিত চা স্বাদে ও গন্ধে অন্যান্য রাজ্য থেকে কোন অংশে কম নয়। বর্তমানে রাজ্যে চা শিল্পের ব্র্যান্ড রয়েছে। আগামী বছর রাজ্যে চা-এর নিলাম কেন্দ্র গড়ে তোলা হবে। বক্তব্য রাখেন টি বোর্ড অব ইন্ডিয়ার উপ অধিকর্তা রমেশ লাল বৈশ্য। সভাপতিত্ব করেন ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল প্রমুখ।

এই দৌড় প্রতিযোগিতায় পুরুষ বিভাগে প্রথম, ২য় ও ৩য় স্থান দখল করে যথাক্রমে সৌরভ হোসেন, তনয় ভৌমিক ও পলাশ দেবনাথ। মহিলা বিভাগে ১ম, ২য় ও ৩য় স্থান দখল করে যথাক্রমে লক্ষ্মীরাণী ত্রিপুরা, মাম্পি দে এবং দেবলীনা লোধ।

***************************

**Brick-Accident :**

আজ সকালে ধলাই জেলার কমলপুরে একটি ইটভাটায় চিমনি ভেঙে ও অগ্নিদগ্ধ হয়ে পাঁচজন শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। ধলাই জেলার পুলিশ সুপার মিহির লাল দাস আকাশবাণীকে জানিয়েছেন, আজ সকালে কমলপুরে অন্নপূর্ণা ব্রিকস সেন্টার নামে একটি ইটভাটায় আগুন দেওয়ার সময় চিমনি ভেঙে পড়ে। এই ঘটনায় সাতজন শ্রমিক গুরুতরভাবে আহত হন। তাদের কমলপুর মহকুমা হাসপাতালে নেওয়া হলে চিকিৎসকরা তিনজনকে মৃত বলে ঘোষণা করেন। পরে আরও দুজন শ্রমিকের মৃত্যু হয়। নিহতরা হলেন সুবল দেবনাথ, পিংকু শীল, সজল মালাকার, অনিল গৌতম এবং বিধু শর্মা। এই ঘটনায় আহত দুজনকে জিবি হাসপাতালে পাঠানো হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন ও শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

******************************

**Rajib Bhattacharjee-Rajya Sabha :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ রাজ্যসভায় কুইন আনারসের মতো গন্ধরাজ লেবু, ব্রাউন রাইস, কাঁঠাল, কালি খাসা, জুমে উৎপাদিত বিন্নি চাল প্রভৃতি জি আই ট্যাগ প্রদানের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানিয়েছেন। তিনি বলেন, এই জিনিষগুলি জি আই ট্যাগ পেলেও রাজ্যের কৃষকদের আন্তর্জাতিক পরিচিতি ও আত্মনির্ভরতা প্রদান করবে।

#######Byte-Rajib Bhattacharjee#######

******************************

**Abhayam Scheme :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ আগরতলার বনমালীপুরে ব্যক্তি বিকাশ কেন্দ্রে অভয়ম প্রকল্পের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, ‘অভয়ম প্রকল্প’-এর মূল লক্ষ্য সেই লুকিয়ে থাকা প্রতিভাকে খুঁজে বের করে আধুনিক দক্ষতায় রূপান্তরিত করা এবং যুবসমাজকে আত্মনির্ভর করে তোলা। প্রতিভা অনুসন্ধান, দক্ষতা উন্নয়ন, আত্মবিশ্বাস গঠন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি-এই চারটি স্তম্ভের উপর ভর করে অভয়ম প্রকল্প বাস্তবায়িত হবে।

******************************

**Agriculture Minister :**

উত্তর, ধলাই ও ঊনকোটি জেলায় কৃষি উৎপাদন বৃদ্ধি এবং খাদ্যশস্যে স্বয়ম্ভরতা অর্জনের লক্ষ্যে আজ আগরতলায় কৃষি দপ্তর ও নাগপুরের ন্যাশনাল ব্যুরো অফ সয়েল সার্ভের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এই উদ্যোগের মূল লক্ষ্য হলো রাজ্যের তিনটি জেলার চাষযোগ্য জমির ওপর গভীর গবেষণা পরিচালনা করা, যা রাজ্যে সুস্থায়ী ও শক্তিশালী কৃষি ভবিষ্যতের পথ সুগম করবে।

কৃষিমন্ত্রী রতন লাল নাথের উপস্থিতিতে আজ প্রজ্ঞাভবনে ভূ-স্থানিক কৌশল ব্যবহার করে ত্রিপুরার ভূমি সম্পদ তালিকা বিষয়ক কর্মশালায় এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, কৃষিতে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য প্রথমেই দরকার জমি সংক্রান্ত সঠিক তথ্য ও গবেষণা। সমঝোতা স্মারকের পর মৃত্তিকা বিজ্ঞানীদের সঙ্গে একটি পরিকল্পনা তৈরি করা হবে। যা চাষিদের জন্য সহায়ক হবে এবং চাষীরা সেই অনুযায়ী চাষ করতে পারবে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM-Ethiopia :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেলে আফ্রিকান দেশ ইথিওপিয়ায় তাঁর দুই দিনের সফর শেষ করেছেন। এই সফর ছিল অত্যন্ত ফলপ্রসূ এবং সবচেয়ে বড় সিদ্ধান্ত ছিল বহু প্রাচীন দ্বিপাক্ষিক সম্পর্ককে কৌশলগত সহযোগিতার স্তরে নিয়ে যাওয়া। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ইথিওপিয়ার সর্বোচ্চ পুরস্কার, 'দ্য গ্রেট ব্রিটেন অনার নিশান অফ ইথিওপিয়া'-তেও

ভূষিত করেন  ইথিওপিয়ান প্রধানমন্ত্রী ডঃ আবি আহমেদ আলী। প্রধানমন্ত্রী আজ সকালে ইথিওপিয়ার সংসদের যৌথ অধিবেশনে ভাষণ দেন। তিনি সেখানে বলেন যে ভারত এবং ইথিওপিয়া একই পরিবারের সদস্য হিসেবে একসঙ্গে দাঁড়িয়ে আরও ন্যায়সঙ্গত, আরও সমতা এবং আরও শান্তিপূর্ণ বিশ্বের জন্য কাজ করছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ইথিওপিয়ার প্রধানমন্ত্রী ডঃ আবি আহমেদ আলী বাণিজ্য ও বিনিয়োগ, উদ্ভাবন, প্রযুক্তি, প্রতিরক্ষা, স্বাস্থ্য, সক্ষমতা বৃদ্ধি এবং বহুপাক্ষিক সম্পৃক্ততা সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা নিয়ে আলোচনা করেছেন। তারা খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্য নিরাপত্তা, সুস্থায়ী কৃষি, প্রাকৃতিক কৃষি এবং কৃষি প্রযুক্তিতে সহযোগিতা, কৃত্রিম বুদ্ধিমত্তায় নতুন কর্মসূচি চালু করা, ছাত্র বৃত্তি দ্বিগুণ করা এবং ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার নিয়ে ব্যাপকভাবে কাজ করার বিষয়ে সম্মত হয়েছেন। প্রধানমন্ত্রী তাঁর ত্রিদেশীয় সফরের শেষ পর্যায়ে আজ ওমানের রাজধানী মাস্কটে পৌঁছেছেন।

*************************

**G RAM G :**

লোকসভায় "বিকশিত ভারত - রোজগার ও আজিবিকা মিশনের গ্যারান্টি (গ্রামীণ): বিকশিত ভারত – জি রাম জি, বিল ২০২৫" বিবেচনা এবং পাসের জন্য গৃহীত হয়েছে। এই আইনটি বিশ বছরের পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি আইন, ২০০৫ MGNREGA-কে প্রতিস্থাপন করবে। এই বিলটির লক্ষ্য ২০৪৭ সালের বিকশিত ভারতের জাতীয় দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি গ্রামীণ উন্নয়ন কাঠামো প্রতিষ্ঠা করা। এই আইনের অধীনে, প্রতিটি গ্রামীণ পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্যদের স্বেচ্ছায় অদক্ষ কায়িক শ্রম গ্রহণের জন্য প্রতি আর্থিক বছরে একশ পঁচিশ দিনের মজুরি কর্মসংস্থানের একটি আইনগত গ্যারান্টি প্রদান করা হবে। এই বিলের অধীনে গৃহীত সমস্ত কাজ বিকশিত ভারত জাতীয় গ্রামীণ পরিকাঠামোর সঙ্গে একত্রিত করা হবে, যা গ্রামীণ জনসাধারণের কাজের জন্য একটি ঐক্যবদ্ধ জাতীয় কাঠামো তৈরি করবে।

লোকসভায় বিকশিত ভারত - জি র‍্যাম জি বিলটি উত্থাপন করে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন যে, এই বিলটি ভারতকে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তোলার জন্য গ্রামগুলির উন্নয়ন নিশ্চিত করবে। তিনি বলেন, বিলটিতে কর্মসংস্থানের দিনের নিশ্চয়তা ১০০ দিনের থেকে বাড়িয়ে ১২৫ দিনের মজুরি কর্মসংস্থানের প্রস্তাব করা হয়েছে।

*************************

**Package Story–G Ram G Bill :**

কেন্দ্রীয় সরকারের নতুন উদ্যোগ বিকশিত ভারত–জি রাম জি বিল–২০২৫ ভারতের উন্নয়নে নতুন দিশা দেখাতে চলেছে। এই নিয়ে একটি প্রতিবেদন।

########VC#######

***************************

**Accident–Sonamura :**

সোনামুড়া মহকুমার যাত্রাপুর থানাধানী বড়নারায়ন এলাকায় আজ সড়ক দুর্ঘটনায় এক স্কুল ছাত্র সহ ২ জনের মৃত্যু হয়েছে। যাত্রাপুর থানার ও.সি সিতিকান্তা বর্ধন জানিয়েছেন নিহত দ্বীপতনু দেবনাথ বড়নারায়ন স্কুলের দ্বাদশ শ্রেণীর ছাত্র। অন্য মৃত যুবকের নাম জিয়াউল রহমান। এই ঘটনায় আহত নকুল সরকার বর্তমানে জিবি হাসপাতালে চিকিৎসাধীন।

**************************

**LOP–Belonia :**

সারা ভারত কৃষক সভা ২৩তম বিলোনিয়া মহকুমা সম্মেলন উপলক্ষে আজ বিলোনিয়ার ১ নম্বর টিলায় কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী কৃষকদের অধিকার আদায়ের উপর গুরুত্ব আরোপ করেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সংগঠনের রাজ্য সম্পাদক পবিত্র কর ও সি.পি.আই.এম দক্ষিণ জেলার সম্পাদক তাপস দত্ত।

***************************

**Under-19 Cricket :**

অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের সীমিত ওভারের জাতীয় ক্রিকেটের তৃতীয় ম্যাচে জয় পেলো ত্রিপুরা। নাগপুরের বিদর্ভ ক্রিকেট এসোসিয়েশনের মাঠে অনুষ্ঠিত খেলায় আজ রাজ্যদল ২৯ রানে সিকিমকে হারিয়ে দেয়।

******************************

**Santosh Trophy :**

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের খেলায় আজ নাগাল্যান্ড জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় নাগাল্যান্ড ৩-০ গোলে মণিপুরকে হারিয়ে দেয়।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.২ ডিগ্রি সেলসিয়াস।

*****************************